# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু‘আ

بَابُ الدُّعَاءِ فِي التَّشَهُّدِ

## আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْصَرِفُ عَنْ يَمِينِهِ. رَوَاهُ مُسْلِمٌ

## বাংলা

৯৪৫-[৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় শেষে ডান দিক মুখ ফিরিয়ে বসতেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭০৮, নাসায়ী ১৩৫৯, আহমাদ ১২৮৪৬, দারেমী ১৩৯১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَانَ النَّبِيَّ ﷺ يَنْصَرِفُ عَنْ يَمِينِه) মুসলিমের অন্য রিওয়ায়াতে রাবী বলেন, অধিকাংশ সময় আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি ডান দিকে ফিরতেন। অনুরূপ নাসায়ীর রিওয়ায়াতে এ সমস্ত বর্ণনা প্রমাণ করে অধিকাংশ সময় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডান দিকে ফিরতেন, তবে মুসান্নিফ (রহঃ) বিরোধিতা করে উল্লেখ করেছেন। সম্ভবত মাঝে মাঝে এমনটি করতেন সামনে এ বিষয়ে আলোচনা আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55504

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন